

সংশোধিত কাস্টমস নিলাম বিজ্ঞপ্তি

কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা এর অধীনে আইসিডি বন্দর জেটিতে রক্ষিত আমদানিকৃত বিভিন্ন ধরনের পণ্য যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলাম সেল নম্বর ০৪/২০২৩ এর মাধ্যমে আগামী ১৩/০৮/২০২৩ খ্রি: তারিখ সীলড টেন্ডার প্রক্রিয়ায় নিলামে বিক্রয় করা হবে।

দরপত্র সিডিউল বিক্রয়: আগামী ১০/০৮/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কাস্টম হাউস আইসিডি, কমলাপুর এর ওদাম কর্মকর্তার দপ্তর (মোবাইল নং ০১৭৩৬-৭৫৪২৪৪) এবং সরকারি নিলামকারী মেসার্স আঞ্জুমান সিভিকিট (মোবাইল নং ০১৮১৯-৬১৩৩৫৮) এর দপ্তর হতে ক্যাটালগ মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ও দরপত্র সিডিউল মূল্য ১০০/- (একশত) টাকা (অফেরতযোগ্য) পরিশোধপূর্বক ক্রয় করা যাবে। দরপত্র সিডিউল এর সাথে পণ্যের ক্যাটালগ ও নিলামের সাধারণ নিয়মাবলী সংক্রান্ত তথ্য ফরম পাওয়া যাবে।

পণ্য পরিদর্শন: আগামী ০১/০৮/২০২৩ খ্রি: তারিখ হতে ০৩/০৮/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত সকাল ৯.৩০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত ধারাবাহিকভাবে কন্টেইনার সমূহ পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা হবে।

দরপত্র দাখিল ও খোলার সময়: আগামী ১৩/০৮/২০২৩ খ্রি: তারিখ সকাল ৯.৩০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত (১) কমিশনারের কার্যালয়, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা (২) কমিশনারের কার্যালয়, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (৩) কমিশনারের কার্যালয়, কাস্টম হাউস, ঢাকায় রক্ষিত দরপত্র বাস্তব দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অন্ত্যন ১০% জামানত সহ দাখিল করা যাবে। সীলগালাকৃত দরপত্র একই তারিখ বিকাল ০৩.৩০ টার সময় কাস্টম হাউস, আইসিডি এর সম্মেলন কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব থেকে খোলা হবে।

দরদাতার যোগ্যতা: নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, টিআইএন সনদপত্র, হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রত্যয়নপত্র, ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন সনদ, হালনাগাদ আয়কর সনদ, হালনাগাদ আয়কর রিটার্ন এবং ব্যাংক একাউন্ট প্রত্যয়নপত্রের ফটোকপিসহ উভয় ক্ষেত্রে দরপত্রে (সিডিউল) উল্লিখিত প্রস্তাবিত মূল্যের ন্যূনতম ১০% হারে যে কোন তফসিলি ব্যাংক হতে (বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত) জামানত হিসেবে কমিশনার, কাস্টম হাউস, আইসিডি, কমলাপুর, ঢাকা বরাবর পে-অর্ডার এবং নির্দিষ্ট লটের ক্ষেত্রে ক্যাটালগে বর্ণিত শর্তের প্রেক্ষিতে যে সকল দলিলাদি প্রয়োজন তা দাখিল করতে হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য জনাব মো: মশিউর রহমান, ওদাম কর্মকর্তা মোবাইল নং-০১৭৩৬-৭৫৪ ২৪৪ এবং জনাব সাদেকুর রহমান, সহকারী রাজস্ব কর্মকর্তা (নিলাম শাখা) মোবাইল নং-০১৭১৭-৫০৭ ৭২৯ সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

যদি কোন দরদাতা জাল পে-অর্ডার সহ অন্য কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করেন অথবা প্রভাব বিস্তারের চেষ্টা করেন তা হলে উক্ত দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের বিরুদ্ধে ফৌজদারি আইনে কার্যক্রম গ্রহণ করা হবে।

প্রাপ্ত যেকোন বা সকল দরপত্র বাতিলকরণ কিংবা গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

আদেশক্রমে  
৩০/০৭/২৩  
মোঃ ফখরুল আমিন চৌধুরী  
উপ-কমিশনার (নিলাম)  
কাস্টম হাউস, আইসিডি,  
কমলাপুর, ঢাকা।